

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
উন্নয়ন-২ শাখা  
www.mopme.gov.bd

নং- ৩৮.০০.০০০০.০১০.০৬.০০১.১৮-১৬৮


তারিখ ০৭ কার্তিক ১৪২৬  
২৩ অক্টোবর ২০১৯

**বিষয়:** সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ডিজিটাল হাজিরা মেশিন ক্রয়ের বিষয়ে বিভিন্ন দৈনিক পত্রিকায় এবং সোস্যাল মিডিয়ায় প্রকাশিত খবরের বিষয়ে স্পষ্টীকরণ।

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ডিজিটাল হাজিরা মেশিন ক্রয়ের বিষয়ে বিভিন্ন দৈনিক পত্রিকায় এবং সোস্যাল মিডিয়ায় প্রকাশিত খবরের প্রতি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষিত হয়েছে। এরই পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৩ অক্টোবর ২০১৯ তারিখ মন্ত্রণালয়ের ৩৮.০০.০০০০.০১০.০২.০১৯.২০১৮-১৬৫ নম্বর স্মারকের মাধ্যমে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ডিজিটাল হাজিরা মেশিন স্থাপনের জন্য মেশিনের নিম্নরূপ স্পেসিফিকেশন নির্ধারণ করা হয়েছে:

Sl. No	Item	Technical Specifications
1.	Brand:	To be mentioned by the bidder
2.	Model:	To be mentioned by the bidder
3.	Country of Origin:	To be mentioned by the bidder
4.	Country of Assemble:	To be mentioned by the bidder
5.	Display	Minimum 2.8-Inch LCD Screen
6.	Fingerprint capacity	Minimum 5,000 or higher
7.	Logs capacity	Minimum 200,000 or higher
8.	Communication	TCP/IP, mini USB, WiFi, RS458,GPRS
9.	Attendance Log	Automatically Push to Central Server
10.	Standard Functions	Automatic Switch, Self-Service Query, Work Code, SMS, 3G, ADMS, T9 Input, 9 Digit User ID, Scheduled Bell, Photo ID
11.	Battery Back up	4 Hours
12.	Power Supply	9V-12V 3A or higher
13.	Software	Should have Monitoring software
14.	Operating Temperature	0 °C-45 °C
15.	Warranty:	3 Years full Warranty

২। উপর্যুক্ত স্পেসিফিকেশন অনুযায়ী বিদ্যালয় কর্তৃপক্ষ বাজার থেকে যাচাই করে সাশ্রয়ী মূল্যে নিজেদের পছন্দমত ডিজিটাল হাজিরা মেশিন ক্রয় করে স্কুলে স্থাপন করবে। এক্ষেত্রে কোন নির্দিষ্ট প্রতিষ্ঠান হতে ডিজিটাল হাজিরা মেশিন ক্রয়ের কোন বাধ্যবাধকতা নেই। দৈনিক পত্রিকা ও সোস্যাল মিডিয়ায় প্রকাশিত খবর হতে জানা যায় যে, বিভিন্ন বিভাগ/জেলা/উপজেলায় বিভাগীয় উপপরিচালক/জেলা/উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ একটি নির্দিষ্ট কোম্পানী হতে বায়োমেট্রিক হাজিরা মেশিন ক্রয়ের জন্য বাধ্য করছেন। এ বিষয়ে স্পষ্টভাবে জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কিংবা প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে এরূপ কোন নির্দেশনা প্রদান করা হয়নি। স্ব-স্ব বিদ্যালয় অত্যন্ত স্বচ্ছতার সাথে নির্ধারিত স্পেসিফিকেশন অনুযায়ী সাশ্রয়ী মূল্যে সম্পূর্ণ স্বাধীনভাবে ডিজিটাল হাজিরা মেশিন ক্রয় করে বিদ্যালয়ে স্থাপন করবে। এ ব্যাপারে কোন ব্যত্যয় হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
(মো: রুহুল আমিন)  
যুগ্মসচিব

**বিতরণ:**

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা।
- ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
- ৪। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)।
- ৫। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

**সদয় অবগতির জন্য:**

- ১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।